গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়, নীলফামারী।

স্মারক নং- নীসউবি/ তারিখ : ১৪/০১/২০২১ খ্রিঃ

# সংশোধিত ভর্তি নোটিশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর নির্দেশনা মোতাবেক পূর্বের ঘোষণাকৃত নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়ের ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত (২০২১ শিক্ষাবর্ষ) ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির শিক্ষার্থীদের ভর্তির তারিখ পুনঃনির্ধারণ করা হল।

**সংশোধিত ভর্তির তারিখ ঃ ১৭/০১/২০২১ খ্রিঃ, ১৮/০১/২০২১ খ্রিঃ, ১৯/০১/২০২১ খ্রিঃ এবং ২০/০১/২০২১ ইং।**

**বিঃদ্রঃ অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে।**

**ভর্তির সময় নিম্নরুপ কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ**

১। নির্বাচিত শিক্ষার্থীদের (সাধারণ ও কোটায়) অন লাইনে ভর্তির আবেদনের Applicant Copy (রঙ্গিন কপি), পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, ৫ম ও ৮ম শ্রেণি পাশের সনদপত্র, জন্ম নিবন্ধন সনদপত্র ও বিদ্যালয় পরিবর্তনের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) বা বিদ্যালয়ের প্রশংসা পত্র এবং পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র ভর্তির দিন সংগে আনতে হবে।

২। উল্লেখিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে ভর্তি অপেক্ষমাণ তালিকা হতে তা পূরণ করা হবে।

৩। নির্বাচিত শিক্ষার্থীদের (সাধারণ ও কোটায়) জন্ম নিবন্ধন সনদ অনলাইনে যাচাই পূর্বক ভর্তি করা হবে।

৪। সংরক্ষিত কোটায় নির্বাচিত রোল নম্বরধারীদের সাময়িকভাবে নির্বাচিত করা হল। ভর্তির সময় সংশ্লিষ্ট মূল সনদ, পিতা-মাতার ভোটার আইডি কার্ড, সম্পর্ক সনদ যাচাই সাপেক্ষে ভর্তি করা হবে। কোন কোটায় ভর্তির জন্য নির্বাচিত কোন শিক্ষার্থী নির্ধারিত সময়ে ভর্তি না হলে বা সনদ ও প্রয়োজনীয় কাগজ পত্র প্রদর্শণ করতে অপারগ হলে সে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। সংশ্লিষ্ট কোটার অপেক্ষমাণ তালিকা হতে অনুরুপ সনদ ও কাগজপত্র প্রদর্শণ সাপেক্ষে কোটায় শিক্ষার্থী ভর্তি করা হবে।

৫। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের পর ১৩/০১/২০২১ থেকে ১৬/০১/২০২১ খ্রিঃ তারিখ কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি অফিস চলাকালীন সময়ে বিদ্যালয়ে জমা দিতে হবে এবং ভর্তির দিন মূল কপি প্রদর্শণ করতে হবে।

৬। ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি ফি ১১০/- (একশত দশ) টাকা।

৭। ৯ম শ্রেণীর ভর্তি ফি ১২৫/- (একশত পঁচিশ) টাকা।

১৪/০১/২০২১

প্রধান শিক্ষক
নীলফামারী সরকারী উচ্চ বিদ্যালয়
নীলফামারী

মোঃ গোলাম রব্বানী
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়
নীলফামারী।